

## 💵 প্রশ্নোত্তরে হজ্জ ও উমরা

বিভাগ/অধ্যায়ঃ মুযদালিফায় রাত্রি যাপন রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১২৯- মুযদালিফায় কখন মাগরিব ও এশা পড়ব এবং কিভাবে পড়ব?

- (১) বিলম্ব হলেও মুযদালিফায় পৌঁছে মাগরিব-এশা পড়তে হবে, এর আগে নয়। তবে এ দুই নামাযকে বিলম্ব করতে করতে অর্ধ রাত্রির পরে নিয়ে যাওয়া জায়েয় হবে না। তবে ওয়র থাকলে জায়েয়।
- (২) তারতীব ঠিক রেখে সালাত আদায় করবেন। অর্থাৎ প্রথম তিন রাক'আত মাগরিবের ফরজ এবং এর সাথে সাথে দুই রাক'আত এশার ফরজ আদায় করবেন, বিতর পড়বেন, ফজরের সুন্নাতও বাদ দেবেন না।
- (৩) এ দুই ওয়াক্ত সালাতের জন্য মাত্র একবার আযান দেবেন। কিন্তু ইকামত দুই বারই দিতে হবে।
- (৪) কোন নফল-সুন্নাত নামায নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মুযদালিফায় পড়েননি। আপনিও পড়বেন না।
- (৫) সালাত আদায় শেষ হওয়া মাত্র ঘুমিয়ে পড়বেন যাতে পরবর্তী দিনের কার্যাবলী সক্রিয়ভাবে সম্পন্ন করা যায়।
- (৬) ঐ দিনের ফজর অন্ধকার থাকতেই আউয়াল ওয়াক্তে পড়ে নেবেন। দুই রাকাত ফরজের সাথে দুই রাকাত সুন্নতও পড়বেন। এরপর "মাশআরুল হারাম"-এর নিকটবর্তী কিবলামুখী দাঁড়িয়ে হাত উঠিয়ে দোয়া-মুনাজাত করতে থাকবেন। এখানে আসতে না পারলে অসুবিধা নেই। মুযদালিফার যে কোন স্থানে দাঁড়িয়ে দোয়া করতে পারবেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1771

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন